

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
রিজিওনাল প্ল্যানিং
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.২১

তারিখ: ১৪ মাঘ ১৪২৬

২৮ জানুয়ারি ২০২০

বিষয়: “পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্প” বাস্তবায়নের জন্য অতিরিক্ত ১৭.৩৩৫২ একর ভূমি স্থায়ী অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ রেলওয়ের স্মারক নং-৫৪.০১.০০০০.৬৩১.৩১.১৪৯.১৮-৫১৫৭; তারিখঃ ০৭/০১/২০২০ খ্রিঃ

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, “পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্প” বাস্তবায়নের জন্য অতিরিক্ত ১৭.৩৩৫২ একর ভূমি স্থায়ী অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র চেয়ে আবেদন করেছেন (জমির দাগসূচীর কপি সংযুক্ত)।

আবেদনপত্রটি প্রক্রিয়াকরণে এলাকাটি সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন থেকে দেখা যায় যে, দাপা ইন্দ্রাকপুর মৌজায় জমির রেকর্ডীয় শ্রেণী হিসেবে পুকুর, পাম্প হিসেবে উল্লেখ আছে এবং উক্ত এলাকায় নিচু জমি ও একটি দুইতলা বিশিষ্ট পাকা বিল্ডিং আছে, একটি ইটের ভাটা ও একটি ফিলিং স্টেশন আছে। আলিগঞ্জ মৌজায় বেশিরভাগ নিচু জমি। পূর্ব বাঘের মৌজায় হাই ভোল্টেজ ইলেক্ট্রিক লাইন আছে। এছাড়া পশ্চিমদি মৌজা, বাস্তা মৌজা, কোন্ডা মৌজা, বীর বাঘের মৌজা বরাহমনগাঁও মৌজা, কাটুরাইল মৌজা, পানগাঁও মৌজা, আলিগঞ্জ মৌজা কোন স্থাপনা নাই। জনস্বার্থে উক্ত এলাকা ব্যবহৃত হবে বিধায় নিম্নলিখিত শর্ত সাপেক্ষে উক্ত এলাকার জমি অধিগ্রহণে নগর উন্নয়ন অধিদপ্তরের কোন আপত্তি নাই।

১। মৌজা ম্যাপে উল্লেখিত জলাশয় সংরক্ষণ করতে হবে।

২। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অনাপত্তি পত্র নিতে হবে।

৩। রেললাইন নির্মাণকালে পরিবেশ সংরক্ষণের বিষয়টি যথাযথভাবে নিশ্চিত করতে হবে।

৪। পানির স্বাভাবিক প্রবাহ যাতে বিঘ্নিত না হয় তা নিশ্চিতকরণের জন্য topographic Survey এর ফলাফলের ভিত্তিতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি পত্র প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের ভূমি ব্যবহারের অনাপত্তি ব্যতীত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তি: ১। পরিদর্শন প্রতিবেদন।

২। অধিগ্রহণকৃত জমির দাগসূচী।

৩। গুগলের রিজিওনাল ম্যাপ।

২৮-১-২০২০

উদয় শংকর দাস

সিনিয়র প্ল্যানার

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে,
রেলভবন, ঢাকা।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.২১/১(৫)

তারিখ: ১৪ মাঘ ১৪২৬
২৮ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর

Israt Jahan

২৮-১-২০২০

ইসরাত জাহান

প্ল্যানার